



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫১.১৯-৪১৭৭/৬

তারিখ : ২৬/০৯/২০১৯ খ্রি.

বিষয় : বয়স ৬০(ষাট) বছর পূর্ণ হওয়ায় অধ্যক্ষের দায়িত্বভার হস্তান্তর।

সূত্র : (১) স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫১.১৯.১৪৮৩(৬) তারিখ : ২১/০৪/২০১৯ খ্রি.

(২) স্মারক নং নিমডিক/২০১৯/১০৮ তারিখ : ০৫/০৫/২০১৯ খ্রি.

(৩) দুর্নীতি দমন কমিশন এর স্মারক নং ০৪.০১.০০০০.৫০৩.২৬.২০৪.১৯-২১৯৩২ তারিখ: ৩০/০৫/১৯ খ্রি.

(৪) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭০.১২.০০১.১৮.২২৮ তারিখ : ০৪/০৮/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিউ মডেল ডিগ্রী কলেজের অধ্যক্ষ জনাব মো: রুহুল আমিন এর বয়স ৬০(ষাট) বছর পূর্ণ হয়েছে। জনবল কাঠামো-২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ মোতাবেক “বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠান প্রধান/সহ:প্রধান/শিক্ষক-কর্মচারীদের কোন অবস্থাতেই পুন:নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে না”। মন্ত্রণালয়ের পরিপত্র নং শিম/শা: ১১/৩-৯/২০১১/৪৮৪ তারিখ : ০৯/০৭/২০১২ মোতাবেক অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে জনবল কাঠামো-২০১৮ এর ১৩ অনুচ্ছেদ মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষক দায়িত্ব পালন করবেন।

মাউশি অধিদপ্তরের গত ২১/০৪/২০১৯ খ্রি. তারিখের ১নং সূত্রোক্ত স্মারক মোতাবেক দায়িত্ব হস্তান্তর করার জন্য নির্দেশনা দেয়া হয়। প্রতিষ্ঠানের সভাপতি ২নং সূত্র মোতাবেক জানান যে, গভর্নিং বডি'র সিদ্ধান্তক্রমে নিজস্ব অর্থায়নে জনাব মো: রুহুল আমিনকে অধ্যক্ষ পদে পুন:নিয়োগ দেয়া হয়েছে। এ বিষয়ে ৪ নং সূত্রে শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য মাউশিকে নির্দেশনা প্রদান করেন। তাছাড়া ৩নং সূত্রে দুর্নীতি দমন কমিশনের পত্রে ব্যবস্থা গ্রহণের জন্য মাউশিকে নির্দেশনা প্রদান করেন।

জনবল কাঠামো-২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ মোতাবেক “বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠান প্রধান/সহ:প্রধান/শিক্ষক-কর্মচারীদের কোন অবস্থাতেই পুন:নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে না”।

এমতাবস্থায়, জনবল কাঠামো-২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ অনুযায়ী বয়স ৬০ বছর পূর্ণ হবার পর পুন:নিয়োগ বা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়ার সুযোগ না থাকায় পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে বিধি মোতাবেক উপাধ্যক্ষের নিকট, উপাধ্যক্ষ না থাকলে জ্যেষ্ঠ শিক্ষকের কাছে অধ্যক্ষের দায়িত্বভার হস্তান্তর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬.০৯.১৯

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

জনাব মো: রুহুল আমিন

অধ্যক্ষ

নিউ মডেল ডিগ্রী কলেজ,

ধানমন্ডি, ঢাকা।

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে) :

(১) সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;

(২) সভাপতি, গভর্নিং বডি, নিউ মডেল ডিগ্রী কলেজ, ধানমন্ডি, ঢাকা;

(৩) পরিচালক(বি:অনু: ও তদন্ত-১), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা;

(৪) জেলা শিক্ষা অফিসার, ঢাকা;

(৫) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি. মোহাম্মদপুর শাখা, ঢাকা;

(৬) সংরক্ষণ নথি।